# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২০৬

১/ বিবিধ

আরবী

حب علي يأكل الذنوب كما تأكل النار الحطب
باطل

رواه ابن عساكر (4/214/2 و12/121/2) وكذا الخطيب (4/194) عن أحمد بن شبويه: حدثنا محمد بن سلمة الواسطي: حدثنا يزيد بن هارون: حدثنا حماد بن سلمة عن أيوب عن عطاء عن ابن عباس مرفوعا. وقال الخطيب: " رجال إسناده الذين بعد محمد بن سلمة كلهم معرفون ثقات، والحديث باطل مركب
على هذا الإسناد
وفي ترجمة أحمد هذا من " اللسان " بعد أن ذكر كلام الخطيب
قلت: ومحمد بن سلمة ستأتي ترجمته وأنه ضعيف، والراوي عنه أحمد بن شبويه هذا مجهول، فالآفة من أحدهما
والحديث أورده ابن الجوزي في " الموضوعات " (1/370) من رواية الخطيب هذه ونقل كلامه فيه. وأيده السيوطي فنقل كلام " اللسان

বাংলা

১২০৬। আলী (রাঃ) এর মুহাব্বাত গুনাহগুলোকে খেয়ে ফেলে যেভাবে আগুন খড়গুলোকে খেয়ে ফেলে।

হাদীসটি বাতিল।

হাদীসটি ইবনু আসাকির (৪/২১৪/২, ১২/১২১/২) ও খাতীব বাগদাদী (৪/১৯৪) আহমাদ ইবনু শাবওয়াইহ হতে,

তিনি মুহাম্মাদ ইবনু সালামাহ অসেতী হতে তিনি ইয়াযীদ ইবনু হারূন হতে, তিনি হাম্মাদ ইবনু সালামাহ হতে, তিনি আইউব হতে, তিনি আতা হতে, তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে মারফূ’ হিসেবে বর্ণনা করেছেন।

খাতীব বাগদাদী বলেনঃ মুহাম্মাদ ইবনু সালামার পরের বর্ণনাকারীগণ পরিচিত নির্ভরযোগ্য আর হাদীসটি বাতিল।

“আল-লিসান” গ্রন্থে মুহাম্মাদ ইবনু সালামার জীবনীর মধ্যে এসেছে, তিনি হচ্ছেন দুর্বল। আর তার থেকে বর্ণনাকারী আহমাদ শাবওয়াইহ মাজহুল (অপরিচিত)। সমস্যা তাদের দু’জনের একজন থেকে।

হাদীসটিকে ইবনুল জাওযী “আল-মওযুয়াত” গ্রন্থে (১/৩৭০) খাতীব বাগদাদীর বর্ণনা থেকে উল্লেখ করে হাদীসটি সম্পর্কে তার কথাগুলোও বর্ণনা করেছেন। আর সুয়ূতী (বানোয়াট হিসেবে) তাকে আরো শক্তিশালী করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72085

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন